শিউলি-ফোটা ফুরোল যেই ফুরোল   শীতের বনে
এলে যে—
আমার   শীতের বনে এলে যে সেই শূন্যক্ষণে ॥
তাই গোপনে সাজিয়ে ডালা   দুখের সুরে বরণমালা
গাঁথি মনে মনে   শূন্যক্ষণে ॥
দিনের কোলাহলে
ঢাকা সে যে  রইবে হৃদয়তলে—
আমার   বরণমালা রইবে হৃদয়তলে ॥
রাতের তারা উঠবে যবে   সুরের মালা বদল হবে
তখন তোমার সনে   মনে মনে ॥

---

Parjaay: Prakriti / Sheet, Taal: Dadra, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail